

# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

চট্টগ্রাম

মোবাইল নং-০১৮২৪৪৭৭৬৯৩



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি)

১২ জুলাই'২০২১খ্রি.

## লালখান বাজার ওয়ার্ডে প্রধানমন্ত্রীর উপহার সমাগ্রি বিতরণকালে মেয়র করোনাকালে শেখ হাসিনা মানবতাবোধকে জাগ্রত করেছেন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেছেন, করোনাকালে নগরীর নিম্ন আয়ের প্রতিটি বিপন্ন মানুষের হাতে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার সামগ্রী প্রদান উদ্যোগ আপদকালীন পরিস্থিতিতে মানবিকতা বোধ সবার মাঝে জাগ্রত হচ্ছে। সাম্প্রতিককালে কঠিন সময়গুলোতে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাউকে যাতে অভুক্ত থাকতে না হয় সে-জন্য যে মানবিক প্রয়াস চালিয়েছেন তা সারা বিশ্বে প্রশংসিত। তিনি বলেন, বর্তমান কঠিন দুঃসময়ের তুলনায় অপ্রতুল হলেও এই কর্মক্রমে ছেদ পড়বে না। এর বাইরে চট্টগ্রাম সিটি কর্পোরেশন কর্তৃপক্ষ, কাউন্সিলর এবং সংগঠনের সকল স্তরের নেতারা নগরীর বিপন্ন আর্তমানবতার পাশে নিজের সামর্থ্য উজ্জার করে দেবে। তিনি আজ সোমবার নগরীর ১৪নং লালখান বাজার ওয়ার্ডে কর্মচ্যুত অধিবাসী পরিবারের মাঝে প্রধানমন্ত্রী শেখ হাসিনার দেয়া উপহার ও ত্রাণ সামগ্রী বিতরণকালে একথা বলেন।

তিনি আরো বলেন, করোনার দ্বিতীয় ঢেউয়ের বিরূপ প্রভাবে পরিস্থিতি ক্রম অবনতিশীল। যে-কোন ভাবে সম্বনিত উদ্যোগ ও সচেতনতায় পরিস্থিতি নিয়ন্ত্রণে রেখে সামাল দেয়ার দুর্জয় হিম্মত অর্জন করতে হবে। এ ব্যাপারে চট্টগ্রাম সিটি কর্পোরেশন সক্রিয় ও প্রস্তুত রয়েছে। চসিক - াস্ব্য বিভাগ পরিচালিত আইসোলেশন সেন্টার কোভিড-১৯ আক্রান্তদের বিনা মূল্যে সব ধরনের চিকিৎসা সহায়তা দেয়ার জন্য প্রস্তুত রাখা হয়েছে। এখানে অক্সিজেনসহ ওষুধ ও চিকিৎসা সরঞ্জামের পর্যাপ্ত মওজুদও রয়েছে এবং চিকিৎসক নার্স ও স্বাস্থ্যকর্মীগণ সেবা প্রদানে নিয়োজিত আছে। তিনি টিকা গ্রহণের জন্য নিবন্ধন কার্যক্রমে নগরবাসীকে সহযোগিতা ও আগ্রহ বাড়াতে কাউন্সিলরদের প্রতি অনুরোধ জানান।

লালখান বাজার ওয়ার্ডস্থ শহীদ নগর স্কুল প্রাঙ্গণে প্রধানমন্ত্রীর উপহার সামগ্রী বিতরণ অনুষ্ঠানে বিশেষ অতিথির বক্তব্য রাখেন-চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের প্রচার ও প্রকাশনা সম্পাদক আলহাজ্ব শফিকুল ইসলাম ফারুক, ওয়ার্ড কাউন্সিলর আবুল হাসনাত মো. বেলাল, সংরক্ষিত কাউন্সিলর আঞ্জুমান আরা। উপস্থিত ছিলেন-পেশাজীবী নেতা আমজাদ হোসেন হাজারী, সুরত কুমার চৌধুরী, আবদুল কাদের, ইকবাল হোসেন, শওকত হোসেন, মোজাম্মেল হোসেন, বিশ্বজিৎ চৌধুরী, মিজানুর রহমান প্রমুখ।

## সিএনজি চালকদের মাঝে উপহার সমাগ্রি বিতরণ করেন-মেয়র পরিস্থিতিই কঠোর লক ডাউনে যেতে বাধ্য করেছে

নগরীর ৮নং শুলকবহর ওয়ার্ডে করোনাকালে কর্মহীন সিএনজি চালকদের মাঝে প্রধানমন্ত্রীর উপহার ও ত্রাণ সামগ্রী প্রদানকালে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা জীবন ও জীবিকার চাকাকে সচল রাখতে চান কিন্তু পরিস্থিতি বাধ্য করেছে বলেই কঠোর লকডাউন ছাড়া উপায় ছিলো না। সে ক্ষেত্রেও ছাড় দেয়া হয়েছে, তবে আগে তো জীবন, পরিশি জীবিকা। তাই জীবন রক্ষায় যা কিছু

দরকার সরকার তাই করছে। যারা কর্মচ্যুত হয়ে জীবিকা হারিয়েছেন তাদের পাশে সরকার আছে এবং আমরাও আছি। তিনি এক সোমবার বিকেলে নগরীর শুলকবহর ওয়ার্ডস্থ একটি কমিউনিটি সেন্টারে প্রধানমন্ত্রীর উপহার ও ত্রাণ বিতরণকালে একথা বলেন।

তিনি মাদক ও সন্ত্রাসের বিরুদ্ধে গণপ্রতিরোধ গড়ে তোলার আহ্বান জানিয়ে বলেন, মহানগরীতে এই দুটি অপরাধ দৃশ্যমান হচ্ছে। পরিস্থিতির সযোগে এই দুটি অপরাধে প্রবণতা করোনার চেয়েও ভয়াবহ হতে পারে। তাই এর বিরুদ্ধে সাধারণ মানুষ ও প্রশাসনকে জিরো টলারেন্স নীতিতে অবস্থান করতে হবে।

শুলকবহর ওয়ার্ড কাউন্সিলর ও চসিক বিদ্যুৎ ও পানি স্থায়ী কমিটির চেয়ারম্যান মোঃ মোরশেদ আলম'র সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন চসিক প্যানেল মেয়র গিয়াস উদ্দিন। অন্যান্যের মধ্যে মুরাদপুর ইউনিট আওয়ামীলীগের সভাপতি কফিল উদ্দিন খোকন, আওয়ামীলীগ নেতা শেখ সরওয়ার্দী, এম.এ তাহের, দ্বীনবন্ধু দাশ, মোঃ হোসেন, এম.এ মান্নান খান, হোসেন মোহাম্মদ মাসুদ, আহিদ চৌধুরী মুক্তি, হারুনুর রশিদ সর্দার, আসাদ সর্দার, নজরুল ইসলাম, প্রিয়লাল গোস্বামী, মোঃ শাহজাহান, সালাউদ্দিন লেদু, যুবলীগ নেতা ইফতেখার হাসান বেনজির, মাসুদ খান, আওয়ামীলীগ নেতা মোঃ ম, ছা, শম্মু দাশ, যুবলীগ নেতা সাইফুল মান্নান শিমুল, মোঃ হাবিবুর রহমান, মোঃ জাবেদ, ন,র মোহাম্মদ, আইয়ুব খান, মামুনুর রশীদ, ইকবাল হোসেন, ছাত্রলীগ নেতা মোজাম্মেল হক জাবেদ, তৌসিফ আহমেদ ন,র উপস্থিত ছিলেন।

## **সরকারি স্বাস্থ্যবিধি মানতে চসিকের ভ্রাম্যমান আদালত পরিচালিত**

### **স্বাস্থ্যবিধি উপেক্ষা করায় ১২ ব্যক্তিকে জরিমানা**

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের উদ্যোগে আজ সোমবার নগরীর বিভিন্ন এলাকায় ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়। সিটি কর্পোরেশনের নির্বাহী ম্যাজিস্ট্রেট মারুফা বেগম নেলী ও স্পেশাল ম্যাজিস্ট্রেট জাহানারা ফেরদৌসের নেতৃত্বে নগরীর ঈদগাঁহ, নয়াবাজার বিশ্বরোড, হালিশহর রোড, সবুজবাগ, ফইল্ল্যাতলী বাজার, হালিশহর হাউজিং এস্টেট ও সরাইপাড়া এলাকায় করোনাভাইরাস জনিত রোগের বিস্তার রোধে সরকারি স্বাস্থ্যবিধি অমান্য করায় ১২টি মামলা রুজু পূর্বক ১২ ব্যক্তিকে ১ হাজার ৫শত টাকা জরিমানা করা হয়। অভিযানকালে ম্যাজিস্ট্রেটগণ পথচারীদের মাঝে মাস্ক বিতরণ করেন এবং নগরবাসীকে স্বাস্থ্যবিধি মেনে চলার নির্দেশনা প্রদান করে। করোনা ভাইরাস প্রতিরোধ কল্পে ও নগরবাসীকে স্বাস্থ্যবিধি সম্পর্কে সচেতন করার লক্ষ্যে চসিকের ভ্রাম্যমান আদালত অব্যাহত থাকবে। অভিযানে ম্যাজিস্ট্রেটগণকে সহায়তা করেন সিটি কর্পোরেশনের সংশ্লিষ্ট বিভাগের কর্মকর্তা-কর্মচারী ও চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ সদস্যবৃন্দ।

## **সংবাদদাতা**

স্বাক্ষরিত/-

(কালাম চৌধুরী)

জনসংযোগ কর্মকর্তা (অতিরিক্ত দায়িত্ব)

চট্টগ্রাম সিটি কর্পোরেশন

মোবাইল-০১৮২৪-৪৭৭৬৯৩